

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৭.২০১৬-

৬৬৮

তারিখঃ ১৫/০৫.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ তাহমিনা আক্তার (১০০৩০১৯), প্রাক্তন সহকারী সার্জন, বাঘুটিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, দৌলতপুর, মানিকগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ তাহমিনা আক্তার (১০০৩০১৯), প্রাক্তন সহকারী সার্জন, বাঘুটিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, দৌলতপুর, মানিকগঞ্জ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৩.০৯.২০১৪ তারিখের ৪৫.১৪৬.১৩২.০০.০০.০২৫.২০১৪-১৩৮৯নং স্মারক মোতাবেক ০৭.০৯.২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ০৮.০৯.২০১৫ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য:

এক্ষেপে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল:

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এমডিএস)
অতিরিক্ত সচিব

ডাঃ তাহমিনা আক্তার (১০০৩০১৯)

প্রাক্তন সহকারী সার্জন

বাঘুটিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, দৌলতপুর, মানিকগঞ্জ।

(স্থায়ী ঠিকানা-পিতা-মরহম মোঃ সামছুল আলম,শো-রোড, নিউ বাকলা, রাজিয়া মঞ্জিল, কোতয়ালী, বরিশাল)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৭.২০১৬-

৬৬৮/১(৫)

তারিখঃ ১৫/০৫.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাসীটে সংরক্ষণ করার জন্য)
- ৩। উপসচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(আসমা তাসকিন)


উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ তাহমিনা আক্তার (১০০৩০১৯), প্রাক্তন সহকারী সার্জন, বাঘুটিয়া ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, দৌলতপুর, মানিকগঞ্জ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৩.০৯.২০১৪ তারিখের ৪৫.১৪৬.১৩২.০০.০০.০২৫.২০১৪-১৩৮৯নং স্মারক মোতাবেক ০৭.০৯.২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ০৮.০৯.২০১৫ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৫- ৬৭৬

তারিখঃ ১৫.০৫.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়াদ্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুর
বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিবুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি
মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৬.০২.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৫-
১২৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য
তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন
'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৭.০৫.২০১৬ তারিখে তাঁর
ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়াদ্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর,
মেহেরপুর এর বিবুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য
এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের
পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর
২৮.০৮.২০১৪খ্রিঃ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
৩৩গাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৫- ৬৭৬/১৩৩

তারিখঃ ১৫.০৫.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, মেহেরপুর।
- ৬। সিনিয়র সহকারী সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়াদ্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর,
মেহেরপুর।

(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd